39

তারিখ ... 28 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# লালমনিরহাটের অবহেলিত জনপদে সাক্ষরতা অভিযান

**রেজাম্মুর রহমান** ।। লালমনিরহাট জেলার অবহেলিত জনপদে শিক্ষা গ্রহণের প্রতি বিপুল উৎসাহ ও উদ্দীপনা দেখা দিয়াছে। স্কুল, মাদ্রাসা, মক্তব, মসজিদ, মন্দিরের কক্ষ, বারান্দা ব্যবহার করা হইতেছে শিক্ষা দানের কেন্দ্র হিসাবে। এলাকার শিক্ষিত বেকার তরুণ-তরুণীরা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে বয়স্কদের শিক্ষাদানের এই দায়িত্ব কাঁধে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

তুলিয়া নিয়াছে। চল্লিশ-পঞ্চাশোর্ধ্ব বৃদ্ধের সহিত তাহার নাতি, মায়ের সহিত মেয়ে অথবা পুত্রবধূ এক বেঞ্চে পাশাপাশি বসিয়া পড়িতেছে অ, আ, ক, খ। জেলা প্রশাসকের নেতৃত্বে সকল রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, জনসংগঠন, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, মুক্তিযোদ্ধা, শিক্ষক-শিক্ষিকা, কয়েকটি এনজিও, জেলা, থানা ও ইউনিয়ন পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীর আন্তরিক প্রচেষ্টায় গড়িয়া উঠিয়াছে এই সাক্ষরতা আন্দোলন। ১৯৯৩ সালে লালমনিরহাটে শুরু হয় এই গণশিক্ষা কার্যক্রম। উদ্দেশ্য ১৯৯৫ সালের মধ্যে জেলার সকল অধিবাসীকে